

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখ: ২০ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ / ০৩ জুন, ২০২১ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১৫৮-আইন/২০২১/১৫৫-মুসক।- মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ৪৯ এবং ১২৭খ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, উৎসে মূল্য সংযোজন কর কর্তন ও আদায় বিধিমালা, ২০২০ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার-

- (১) বিধি ৩ এর উপ-বিধি (২) এর ছক এর ক্রমিক নং ১৫ এর বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এর এন্ড্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ১৫ এবং এন্ড্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

১৫.	So২৪.০০	আসবাবপত্রের বিপণন কেন্দ্র	(ক) আসবাবপত্রের উৎপাদক (উৎপাদক কারখানা হইতে সরাসরি ভোক্তার নিকট সরবরাহ করিলে মুসক ১৫%)	৭.৫%
			(খ) আসবাব পত্রের বিপণন কেন্দ্র (উৎপাদন পর্যায়ে ৭.৫% মুসক পরিশোধের চালান থাকা সাপেক্ষে, অন্যথায় ১৫%)	৭.৫%

(২) বিধি ৪ এর দফা (ক) এ উল্লিখিত “সুতরাং, উৎপাদক, সেবা প্রদানকারী ও ব্যবসায়ী হিসাবে নিবন্ধিত ব্যক্তি ব্যতীত অন্য সকল ব্যক্তি যাহারা অন্য কোনো আমদানিকারক, উৎপাদক, ব্যবসায়ী বা সেবাপ্রদানকারীর নিকট হইতে প্রথম তফসিল দ্বারা অব্যাহতিপ্রাপ্ত নহে এমন কোনো পণ্য বা সেবা ক্রয় বা সংগ্রহ করিয়া উৎসে কর্তনকারী সত্তার নিকট সরবরাহ করে, তাহারা যোগানদার হিসাবে বিবেচিত হইবে” শব্দগুলি ও কমাগুলির পরিবর্তে “সুতরাং, উৎপাদক হিসাবে নিবন্ধিত ব্যক্তি ব্যতীত অন্য সকল ব্যক্তি যাহারা উৎসে কর্তনকারী সত্তার নিকট কোটেশন বা দরপত্র বা কার্যাদেশ বা অন্যবিধভাবে পণ্য বা সেবা সরবরাহ করে তাহারা যোগানদার হিসাবে বিবেচিত হইবে” শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে;

(৩) বিধি ৬ এর উপ-বিধি (২) এর দফা (গ) এ উল্লিখিত “উৎসে মুসক কর্তনের” শব্দগুলির পরিবর্তে “উৎসে কর্তিত মুসক দফা (ক) অনুযায়ী জমা প্রদানপূর্বক” শব্দগুলি ও চিহ্ন প্রতিস্থাপিত হইবে; এবং

(৪) বিধি ৭ এর উপ-বিধি (৪) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৪) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(৪) যে কর মেয়াদে কোনো সরবরাহের বিপরীতে মূল্য পরিশোধ করা হয়, সেই কর মেয়াদে বা সেই কর মেয়াদের পরবর্তী কর মেয়াদে উক্ত সমন্বয় সাধন করিতে হইবে এবং উক্ত সময়ের পর সমন্বয় দাবি তামাদি হইবে।”।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(কাজী ফরিদ উদ্দীন)

প্রথম সচিব (মুসক নীতি)